গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-**১০৮৫**

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০
০১ অক্টোবর ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২৩-২৪ অর্থ বছরের এডিপি'তে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা' শীর্ষক প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম কিস্তির অর্থ অবমুক্তি।**

স্থানীয় সরকার বিভাগের ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-১০২৯ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং | প্রকল্পের নাম ও কোড নং | অনুমোদিত/ পিপিপি অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম | ঋণের অর্থের পরিমাণ | বিনিয়োগের অর্থের পরিমাণ | অনুদানের অর্থের পরিমাণ | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (২২৪৩৩২৬০০০০০০০০০) | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প (কোড নং-২২৪৩৩২৬০০) | অনুমোদিত | **১ম কিস্তি** | - | - | - | ২৬.২৫ লক্ষ টাকা | ৪৫২২.৫০ লক্ষ টাকা | ৪৫৪৮.৭৫ লক্ষ (পঁয়তাল্লিশ কোটি আটচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা |

(ক) উপরোক্ত অর্থ জিওবি অনুদান হিসাবে দেয়া হল।

(খ) এ ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০২৩-২৪) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং-১৩৭০১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প' (কোড নং-২২৪৩৩২৬০০) হতে বহন করা হবে।

২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বর্হিভূত)।

৩। এ বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

৪। এ আদেশ অর্থ বিভাগের ০১ অক্টোবর ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১১১.০৫.০০১.২২-৪২৮ নং পত্রে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নোক্ত শর্তে জারি করা হলো:

(১) **পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের পূর্বে ডিএসএল এর অংশবিশেষ পরিশোধ করতে হবে এবং একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে ডিএসএল সম্পূর্ণ অংশ পরিশোধের বিষয়ে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে;**

(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনী) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(৩) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে চালানযোগে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

(৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(৫) অনুমোদিত ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন অনুযায়ী সকল আথিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাবে না; এবং

**(৬) অর্থ বিভাগ কর্তৃক ০২/০৭/২০২৩ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।**

৫। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এ অর্থ উত্তোলন করতে পারবেন।

02.10.2023

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.২১-১০৮৫/১(২০)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০
০১ অক্টোবর ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব (বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৫. মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা প্রকল্প', ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (**জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**)।
১২. অফিস নথি।

02.10.2023

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-২ অনুবিভাগ, বাজেট-১১ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১১১.০৫.০০১.২২-৪২৮

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০ / ০১ অক্টোবর ২০২৩

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পের অর্থ ছাড়করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় ট্রাফিক অবকাঠামো উন্নয়নসহ সড়ক নিরাপত্তা' শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে জিওবি বাবদ বরাদ্দকৃত ১৮১,৯৫.০০ লক্ষ টাকা হতে ১ম কিস্তি বাবদ **৪৫,৪৮.৭৫ লক্ষ (পঁয়তাল্লিশ কোটি আটচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার)** (মূলধন খাতে ৪৫,২২.৫০ লক্ষ এবং রাজস্ব খাতে ২৬.২৫ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে ছাড়ে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলোঃ

(ক) **পরবর্তী কিস্তির অর্থ ছাড়ের পূর্বে ডিএসএল এর অংশ বিশেষ পরিশোধ করতে হবে এবং একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে ডিএসএল সম্পূর্ণ অংশ পরিশোধের বিষয়ে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে;**

(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩১ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

(ঘ) ছাড়কৃত অর্থ হতে চলতি ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের মেয়াদকালীন অবশিষ্ট সময়ে প্রকৃতপক্ষে যে পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব, প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সে পরিমাণ অর্থের সরকারি আদেশ জারি করতে হবে;

(ঙ) অনুমোদিত ডিপিপির অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন অনুযায়ী সকল আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে; এবং

(চ) অর্থ বিভাগ কর্তৃক ০২/০৭/২০২৩ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০১ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০২/১০/২৩

(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ০২-২২৩৩৮৭২০৩
Email: zakirh@finance.gov.bd

১। সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ তলা, গেট: ৪), সেগুন বাগিচা, ঢাকা।
(উপর্যুক্ত সম্মতি পত্রের নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অর্থ বিভাগকে অবহিত করে সরকারি আদেশ জারি করা হলে তদনুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধসহ)।

F:\Forkan Ali\Letter of City Corporation 2023 (DSL).doc